

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

জরুরি
সীমিত

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৪০০.০৫.০০১.২৪.১

তারিখ: ৬ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
১৯ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: 'নৈপুণ্য' মূল্যায়ন সিস্টেমের মাধ্যমে নতুন শিক্ষার্থী রেজিস্ট্রেশন ও শিক্ষার্থী প্রমোশন প্রক্রিয়া সম্পন্নকরণ প্রসঙ্গে।

সূত্র: শি:উ: কাউশিই/৬৮/২০০২/৩৫০ তারিখ: ১২.০২.২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১ এর আলোকে মূল্যায়ন ব্যবস্থার আধুনিকায়নের অংশ হিসেবে 'নৈপুণ্য' এ্যাপ তৈরি করেছে, যার মাধ্যমে ২০২৩ শিক্ষাবর্ষ থেকে মূল্যায়ন কার্যক্রম শুরু করা হয়েছে। চলমান ২০২৪ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণির শিখনকালীন ও সামষ্টিক মূল্যায়ন এবং শিক্ষার্থী রেজিস্ট্রেশন ও প্রমোশন 'নৈপুণ্য' এ্যাপের মাধ্যমে সম্পন্ন করতে হবে। এলক্ষ্যে সংযুক্ত পত্রের আলোকে ১২/০২/২০২৪ তারিখ থেকে ২৫/০২/২০২৪ তারিখের মধ্যে প্রেরিত নির্দেশনা মোতাবেক সকল প্রতিষ্ঠান প্রধানগণকে 'নৈপুণ্য' মূল্যায়ন সিস্টেমে নতুন শিক্ষার্থী রেজিস্ট্রেশন ও শিক্ষার্থী প্রমোশন দেয়ার প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

এমতাবস্থায়, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) কর্তৃক প্রেরিত নির্দেশনার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

বিবেচ্য সংযুক্তি: এনসিটিবি নির্দেশনাসহ পত্র.pdf, সদয় দ্রষ্টব্য।



১৯-০২-২০২৪
মনীষ চাকমা
পরিচালক

উপজেলা/থানা শিক্ষা অফিসারের কার্যালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়
সুনামগঞ্জ

স্মারক নং-৩৮.৪৬.৯০০০.০০০.২৫.০০১.২৪.৬৯৯(১১)

তারিখ: ০৭ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
২০ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। উপজেলা শিক্ষা অফিসার..... (সকল), সুনামগঞ্জ। মূল পত্রের মর্মানুযায়ী জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) কর্তৃক প্রেরিত নির্দেশনার আলোকে সকল প্রতিষ্ঠান প্রধানগণকে 'নৈপুণ্য' মূল্যায়ন সিস্টেমে নতুন শিক্ষার্থী রেজিস্ট্রেশন ও শিক্ষার্থী প্রমোশন দেয়ার প্রক্রিয়া সম্পন্নকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
২। সংরক্ষণ নথি।

মোহন লাল দাস
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
সুনামগঞ্জ
ফোন : ০২৯৯৮৮৪২১১০
ই-মেইল : dpeosunam@gmail.com